১৬৬
২৭/২/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০০০১.১৮.২১৫

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

হিজরি ১৪৪৬ (২০২৫ খ্রিষ্টাব্দ) সনের পবিত্র রমজান মাসে সাহ্‌রি ও ইফতারের সময় বিবেচনায় দেশের সকল সরকারি ও আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য নিম্নরূপ অফিস সময়সূচি নির্ধারণ করা হলো:

| | |
|---|---|
| (ক) রবিবার থেকে বৃহস্পতিবার | সকাল ৯:০০ ঘটিকা হতে বেলা ৩:৩০ ঘটিকা পর্যন্ত (বেলা ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ) |
| (খ) শুক্রবার ও শনিবার | সাপ্তাহিক ছুটি। |

০২। ব্যাংক, বিমা, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, ডাক, রেলওয়ে, হাসপাতাল ও রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান, কলকারখানা এবং অন্যান্য জরুরি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ জনস্বার্থ বিবেচনায় তাদের নিজস্ব আইন/বিধি অনুযায়ী অফিস সময়সূচি নির্ধারণ ও অনুসরণ করবে।

০৩। বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও তার আওতাধীন সকল কোর্টের অফিস সময়সূচি বাংলাদেশ সুপ্রীম কোর্ট নির্ধারণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৪-০২-২০২৫
মোঃ কামরুজ্জামান
উপসচিব

নম্বর: ০৫.০০.০০০০.০০০.১৭৩.০৮.০০০১.১৮.২১৫/১ (১৪)

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। প্রধান তথ্য অফিসার (চলতি দায়িত্ব ), প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭। রেজিষ্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।